

# বাংলাদেশী প্রজেক্ট

BHHP MRC র বাংলাদেশী প্রজেক্ট, বাংলা ভাষাভাষী নতুন অভিবাসীদের জন্য একটি Community Directory তৈরী করছে। এই ডিরেক্টরিটিতে সংযুক্ত করা হবে কর্মক্ষেত্রে বাঙালীরা কে কোথায় আছেন এবং কিভাবে তারা নতুন অভিবাসীদের সাহায্য করতে পারেন।

অভিবাসন একটি সহজ প্রক্রিয়া নয়। যারা এই প্রক্রিয়ার মধ্য দিয়ে অস্ট্রেলিয়াতে স্থায়ীভাবে বসবাস করছেন তারা জানেন-শুরুতে একটি সাধারণ তথ্যের জন্য নিজেকে কত অসহায় মনে হয়েছে। অথচ আমরা যারা এই দেশে স্থায়ীভাবে বসবাস করছি তারা এই নতুন অভিবাসীদের ছোট ছোট বিষয়ে সাহায্য করতে পারি। যেমন-

- কাগজ পত্র সহী করার জন্য কোথায় জে.পি. পাবেন?
- কোথায়, কিভাবে বাঙ্গালী ডাক্তার এর সাথে যোগাযোগ করবেন?
- কিভাবে স্কুলে বাচ্চাকে ভর্তি করবেন? স্কুলের সিস্টেম কি?
- কোথায় বাঙ্গালী খাবারের দোকান, কোথায় বাঙ্গালী অনুষ্ঠান হচ্ছে?
- কি কি ধরনের সংগঠন সিডনীতে আছে?
- কোথায় ধর্মীয় উপাসনা করতে পারেন?

এই সকল ছোট খাট তথ্য গুলো একজন নতুন অভিবাসীকে দিতে পারে মানসিক আস্থা। আপনিও হতে পারেন সেই ব্যক্তি যে এই কাজে BHHP MRC র বাংলাদেশী প্রজেক্টকে সাহায্য করতে পারেন।

এই ডিরেক্টরিটির বিশেষত্ব হচ্ছে

- ডিরেক্টরিটির লিংক বিভিন্ন ওয়েব সাইটে থাকবে
- সহজেই একজন নতুন অভিবাসী এই তথ্য গুলো পেতে পারেন
- প্রয়োজন হলে যে কোন তথ্য যে কোন সময় যোগ বা বাদ দেওয়া যেতে পারে

আপনি যদি এই ডিরেক্টরিতে আপনার তথ্যটি দিতে আগ্রহী হন তবে র Moushumi Martin, Community Settlement Service Worker, BHHP MRC এর সাথে যোগাযোগ করুন।

যোগাযোগের সময়

প্রতি সোমবার থেকে শুক্রবার

সময়: সকাল ১০:০০টা-বিকেল ৪:০০টা

ফোন নম্বর: ৯৬৮৭ ৯৯০১

[bangladeshicss@bhppmrc.org.au](mailto:bangladeshicss@bhppmrc.org.au)